

সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৪৮৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৪৮৪]

পর্ব-১৬: গ্রহণ (সূর্য/চন্দ্র) (১ হ্রান্টি)

পরিচ্ছেদঃ ১৪: অন্য আর এক প্রকার বিবরণ

باب نَوْعٌ آخَرُ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عُبَيْدِ اللَّهِ بْنِ عَبْدِ الْعَظِيمِ، قال: حَدَّثَنِي إِبْرَاهِيمُ سَبَلَانُ، قال: حَدَّثَنَا عَبَّادُ بْنُ عَبَّادٍ الْمُهَلَّبِيُّ، عَنْ مُحَمَّدِ بَنِ عَمْرٍو، عَنْ أَبِي سَلَمَةَ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قال: كَسَفَتِ الشَّمْسُ عَلَى عَهْدِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَامَ فَصَلَّى لِلنَّاسِ، فَأَطَالَ الْقِيَامَ ثُمَّ رَكَعَ فَأَطَالَ الرُّكُوعَ، ثُمَّ قَامَ فَأَطَالَ الْقِيَامَ وَهُو دُونَ الْقِيَامِ الْأُوَّلِ، ثُمَّ رَكَعَ فَأَطَالَ الرُّكُوعَ وَهُو دُونَ الرُّكُوعِ الْأُوَّلِ، ثُمَّ سَجَدَ فَأَطَالَ السُّجُودَ، ثُمَّ رَفَعَ ثُمَّ سَجَدَ فَأَطَالَ السُّجُودَ وَهُو دُونَ السُّجُودِ الْأُوَّلِ، ثُمَّ قَامَ فَصَلَّى رَكْعَتَيْنِ وَفَعَلَ فِيهِمَا مِثْلَ ذَلِكَ، فَأَطَالَ السُّجُودَ وَهُو دُونَ السُّجُودِ الْأُوَّلِ، ثُمَّ قَامَ فَصَلَّى رَكْعَتَيْنِ وَفَعَلَ فِيهِمَا مِثْلَ ذَلِكَ، فَأَطَالَ السُّجُودَ وَهُو دُونَ السُّجُودِ الْأُوَّلِ، ثُمَّ قَامَ فَصَلَّى رَكْعَتَيْنِ وَفَعَلَ فِيهِمَا مِثْلَ ذَلِكَ، فَأَطَالَ السُّجُودَ وَهُو دُونَ السُّجُودِ الْأُوّلِ، ثُمَّ قَامَ فَصَلَّى رَكْعَتَيْنِ وَفَعَلَ فِيهِمَا مِثْلَ ذَلِكَ، حَتَّى فَرَغَ مِنْ صَلَاتِهِ ثُمَّ قَالَ: إِنَّ الشَّمْسَ وَالْقَمَرَ آيَتَانِ مِنْ آيَاتِ اللَّهِ وَإِنَّهُمَا لَا يَنْكَسِفَانِ لِمَوْتِ أَحَدٍ وَلَا لِحَيَاتِهِ، فَإِذَا رَأَيْتُمْ ذَلِكَ وَالْكَ رَاللَّهِ عَزَّ وَجَلَّ وَإِلَى الصَّلَاةِ .

تخريج دارالدعوه: تفرد بم النسائي، (تحفة الأشراف: ١٥٠٣٣) (حسن صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1484 _ حسن صحيح

বাংলা

১৪৮৩. মুহাম্মাদ ইবনু উবায়দুল্লাহ ইবনু আবদুল আযীম (রহ.) আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একবার রসূলুল্লাহ (সা.) -এর যুগে সূর্যগ্রহণ লেগে গেল। তখন তিনি দাঁড়ালেন এবং মানুষদের নিয়ে সালাত আদায় করলেন। তিনি দাঁড়ানোকে লম্বা করলেন, তারপর রুকূ করলেন আর রুকূ ও দীর্ঘ করলেন। তারপর দাঁড়ালেন এবং দাঁড়ানোকেও দীর্ঘায়িত করলেন কিন্তু তা আগের দাঁড়ানো থেকে সংক্ষিপ্ত ছিল। তারপর রুকূ



করলেন এবং রুকৃ'কেও দীর্ঘ করলেন, কিন্তু পূর্ববর্তী রুকৃ থেকে সংক্ষিপ্ত ছিল। তারপর সাজদাহ্ করলেন আর সাজদাহকেও দীর্ঘ করলেন। পরে তার মাথা উঠালেন, পুনরায় সাজদাহ্ করলেন। আর সাজদার লম্বা করলেন কিন্তু তা পূর্ববর্তী সাজদাহ্ থেকে সংক্ষিপ্ত ছিল। তারপর দাঁড়ালেন ও দু' রুকৃ করলেন এবং তাতেও পূর্বের মতো করলেন। অতঃপর দু'টি সাজদাহ্ করলেন এবং তাতেও পূর্বের ন্যায় করলেন। এভাবে তিনি তাঁর সালাত সমাপ্ত করলেন। তারপর বললেন, সূর্য এবং চন্দ্র আল্লাহর নিদর্শনসমূহের দু'টি নিদর্শন। অবশ্যই কারও জন্ম মৃত্যুর কারণে তাদের গ্রহণ হয় না। অতএব, তোমরা যখন তা দেখবে তখন শীঘ্র আল্লাহর যিকর এবং সালাতের প্রতি ধাবিত হবে।

English

Another version

It was narrated that Abu Hurairah said: The sun eclipsed during the time of the Messenger of Allah (). He stood and led the people in prayer. He stood for a long time, then he bowed for a long time, then he stood for a long time that was shorter than the first time, then he bowed for a long time that was shorter than the first time. Then he prostrated for a long time, then he sat up, then he prostrated for a long time that was shorter than the first time. Then he stood up and bowed twice again, doing the same again. Then he prostrated twice, doing the same again, until he had finished his prayer. Then he said: 'The sun and the moon are two of the signs of Allah (SWT), and they do not become eclipsed for the death or birth of anyone. If you see that then hasted to remember Allah (SWT) and pray.'

ফুটনোট

হাসান সহীহঃ নাসায়ী'র "সুনানুর কুবরা" ১৮৬৮।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন